

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১২৪.২০১৩- ৪২২

তারিখ : ২৮ মার্চ ২০১৭

বিষয় : পাবনা জেলার সদর উপজেলা পরিষদের পশ্চিম দিকের পুরাতন ভবন, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পুকুর এবং খেলার মাঠা সংস্কার/মেরামত।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাবনা সদর, পাবনা-এর স্মারক নং-০৫.৪৩.৭৬৫৫.০০০.১৪.০০৫.১৭-২৬৬;  
তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর এর বাসভবনের পুকুরের প্যালাসাইডিং এর কাজ ইতোপূর্বে কোন অর্থ দ্বারা সম্পন্ন করা হয়েছে তা জানানোর জন্য অনুরোধ করা হলো। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা মাটির কাজ করার সুযোগ না থাকায় খেলার মাঠ তৈরীর প্রস্তাবটি বিবেচনা করা গেল না। পাবনা সদর উপজেলা পরিষদের পশ্চিম দিকের পুরাতন ভবন মেরামতের প্রস্তাবটি বিবেচনার পূর্বে উক্ত ভবনটিতে বিগত ০৫(পাঁচ) বছরে রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা মেরামতের ব্যয় বিবরণীসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

J.M.  
23/03/2017  
(ড. জুলিয়া মর্দন)  
উপসচিব  
ফোন: ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার  
পাবনা সদর, পাবনা।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, পাবনা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা।
- ৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।